

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪৩, আইস ফ্যাক্টরী রোড, চট্টগ্রাম
ctgdnc@gmail.com

নং-৪৪.০৪.১৫০০.০৯৬.১৮.০৭৯.১৬- ২১৪

তারিখ : ২৬/০৬/২০১৮খ্রিঃ ।

বিষয় : মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস-২০১৮ উদযাপন প্রসংগে ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস-২০১৮ উদযাপন উপলক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক ২০-২৬ জুন/২০১৮ তারিখ পোস্টার ও লিফলেট বিতরণ এবং যানবাহনে স্টিকার লাগানো কর্মসূচী পালন করা হয় । ২৬ জুন/২০১৮ তারিখে পটিয়া উপজেলা পরিষদ এলাকায় মাদক বিরোধী র্যালী, পটিয়া উপজেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয় ।

উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় সাংসদ সদস্য, চট্টগ্রাম-১২ জনাব আলহাজ্ব সামশুল হক চৌধুরী, বিশেষ অতিথি ছিলেন পটিয়া উপজেলা পরিষদ এর চেয়ারম্যান জনাব মোজাফ্ফর আহমদ টিপু । অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মোহাম্মদ রাসেলুল কাদের, উপজেলা নির্বাহী অফিসার, পটিয়া । উক্ত সভায় স্থানীয় স্কুল ও কলেজের ছাত্র-ছাত্রী সহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন ।

সভায় মাদকের কুফল ও মাদকের অপব্যবহার সম্পর্কে স্কুল কলেজের ছাত্রছাত্রীদের মধ্যে গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিষদ আলোচনা হয় । আলোচনাসভা শেষে স্থানীয় স্কুল ও কলেজের ছাত্র-ছাত্রীদের মাঝে চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয় ।

অতিরিক্ত পরিচালক
বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়
চট্টগ্রাম ।

(এ.কে.এম শওকত ইসলাম)
উপ-পরিচালক
ফোন-০৩১-৬১৩১৮৬ ।

অনুলিপি : পরিচালক (নিশি), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা ।